কেরুজ শ্রমিক ইউনিয়নের নির্বাচনী তফসীল ঘোষনা সভাপতি, সম্পাদক পদে ৫ জন

কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে আগামি ৪ ফেব্রুয়ারি। গঠিত নির্বাচন পরিচালনা পর্ষদের প্রথম বেঠকের পরদিনই করলেন তফসিল ঘোষনা।

এবারের নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) সাইফুল ইসলাম, সদস্য সচিব পরিবহন বিভাগের (প্রকৌশলী) আবু সাইদ, সদস্য প্রশাসন বিভাগের উপ-ব্যবস্থাপক (পার্সনাল) আলআমিন, উপ-ব্যবস্থাপক (হিসাব) জাবেদ হাসান, জুনিয়ার অফিসার (বানিজ্যিক) জহির উদ্দিন।

নির্বাচন পরিচালনা কমিটির সদস্যরা প্রথম বৈঠক করেছেন ২৩ জুলাই সন্ধ্যায়। গতকাল মঙ্গলবার সকাল ১০ টার দিকে ইউনিয়ন পরিষদে অনুষ্ঠিত বৈঠকে বসেন সাম্ভাব্য প্রার্থীদের সাথে। সে বৈঠকেই ঘোষনা করা হয়েছে নির্বাচনী তফসিল।

ঘোষতি তফসিল অনুযায়ি আগামি ২৪ জানুয়ারি বেলা ১১ টার দিকে নির্বাচনী এলাকার বিবরণ প্রকাশ, ২৬ জানুয়ারি সকাল ১০ টায় খসড়া ভোটার তালিকা প্রকাশ, পরের দিন সকাল ১০ টার দিকে ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তির বিষয়ে আপত্তির শেষ সময়, একই দিন সন্ধ্যা ৭ টার দিকে চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে।
২৮ জানুয়ারি সকাল ১০ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত প্রার্থীদের মধ্যে মনোনয়নপত্রের ফরম সরবরাহ, একই দিন দুপুর ১ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত মনোনয়নপত্রের ফরম দাখিল, বিকাল ৩ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত মনোনয়নপত্র বাছাই ও প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ দেয়া হবে। এক দিন রাত ৮ টা পর্যন্ত প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময় বেধে দেয়া হয়েছে।

২৯ জানুয়ারি বিকাল ৩ টার দিকে চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। ৪ ফেব্রুয়ারি কেরুজ পুরাতন হাই স্কুলে গোপন ব্যালোটের মাধ্যমে ভোট গ্রহন হবে সকাল ৮ টা থেকে বিরতীহিনভাবে বিকাল ৩ টা পর্যন্ত। চিনিকলের হিসাব, প্রসাশন ভান্ডার, স্বাস্থ্য বিধান, ইমারত, সেনিটেশন, হাসপাতাল, চোলাই মদ কারখানা, ডিস্টিলারী,

আলমডাঙ্গা এরশাদপুরে ৭ জুয়াড়ি আটক

আলমডাঙ্গা পৌর এলাকার এরশাদপুর থেকে ৭ জুয়াড়িকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার (২৪ জানুয়ারি) রাত সাড়ে ৮টার দিকে পৌর এলাকার এরশাদপুর তাঁতীপাড়া থেকে তাদের আটক করা হয়।

এ সময় নগদ ২ হাজার ২৭৮টাকাসহ জুয়ার বিভিন্ন সরঞ্জাম জব্দ করা হয়।

আকটরা হলেন-মোঃ শরিফুল ইসলাম (৩৫),সাজু বিশ্বাস (৩৭) রাজিব আহম্মেদ ওরফে শিমুল (৩২),রাশেদ (৪৫),টুকু (৫০),কুদ্দুস (৫০),আইনুদ্দিন (৫৮)। তাদের বাড়ি আলমডাঙ্গার পৌর এলাকার এরশাদপুর গ্রামে। জুয়া আইনে তাদের বিরুদ্ধে মামলা দায়েরর পর আজ বুধবার আদালতে পাঠানো হবে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদের ভিত্তিতে পুলিশের একটি দল পৌর এলাকার এরশাদপুর গ্রামে অভিযান চালায়। এ সময় জুয়া খেলা অবস্থায় জুয়ার কোর্ট থেকে ৭ জুয়াড়িকে আটক করা হয়। কাল বুধবার তাদের আদালতে পাঠনো হবে।

মেহেরপুরে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের উদ্যোগে কম্বল

বিতরণ

মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিয়নের অতি দরিদ্র ও অসহায় শীতার্থ মানুষের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ কার্যক্রম অব্যাহত রেখেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গতকার সোমবার থেকে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর অর্থায়নে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কতৃক মুজিবনগর উপজেলার মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়নের অসহায় ও অতি দরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছেন।

উক্ত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস, পলাশীপাড়া সমাজ কল্যান সমিতির পরিচালক(কর্মসূচি) মোহাঃ কামরুজ্জামান, সংস্থার উপ পরিচালক (ঋণ কার্যক্রম), মোঃ কামরুল আলম, স্ব-স্ব ইউনিয়নের চেয়ারম্যান ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

মেহেরপুর জেলার বিভিন্ন ইউনিয়নের ৭০০ জন অতি দরিদ্র অসহায় মানুষের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ অব্যাহত রেখেছেন বলে জানিয়েছেন পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি(পিএসকেএস) এর নির্বাহী পরিচালক মুহঃ মোশাররফ হোসেন।

এসময় তিনি বলেন, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) মানুষের জীবন মান উন্নয়নে কাজ করে চলেছে। অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে তাদের বিভিন্ন সাহায্য সহযোগীতা করে আসছে। বিভিন্ন দুর্যোগে মানুষকে সহায়তার মানবিক কাজ অব্যাহত রেখেছেন। তারই ধারাবাহিকতায় অসহায় মানুষের শীত নিবারণে কম্বল বিতরণ কাজ অব্যাহত রয়েছে। এমন মানবিক কাজ সঠিক ও সুন্দর ভাবে বাস্তবায়ন করে চলেছে পলাশীপাড়া সমাজ কল্যান সমিতি।

ইউনাইটেড বিজনেস ক্লাব লিমিটেডের উদ্যোগে কম্বল বিতরণ

“আসুন শীতার্ত দরিদ্র মানুষের পাশে দাঁড়াই “এই স্লোগানে ইউনাইটেড বিজনেস ক্লাব লিমিটেড এর সহযোগীতায় শীতবস্ত্র বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৪ জানুয়ারি) দুপুর ১টায় আলমডাঙ্গা থানা প্রাঙ্গণে এ শীতবস্ত্র বিতরণ করা হয়।

শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গার পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা এডিশনাল এসপি ও সদর সার্কেল আনিছুর রহমান, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, উপজেলা চেয়ারম্যান এ্যাসোসিয়েশনের সভাপতি ও খাদেমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোজাহিদুর রহমান লোটাস জোয়াদ্দার, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু।

শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, বেলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাহমুদুল হাসান চঞ্চল, কুমারী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবু সাইদ পিন্টু, জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মকলেছুর রহমান সিলন, হারদি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলাম, ভাংবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহানুর রহমান, গাংনী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইমদাদুল হক, আলমডাঙ্গা থানার তদন্ত কর্মকর্তা (ওসি) আব্দুল আলীম, (ওসি) অপারেশন একরামুল হক, আলমডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম আজম, বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন প্রমূখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন আলমডাঙ্গা থানার উপ-পরিদর্শক এসআই আমিনুল ইসলাম।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

দামুড়হুদায় শেখ কামাল আন্তঃস্কুল প্রতিযোগিতা অনুষ্ঠিত

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের আয়োজনে শেখ রাসেল মিনি স্টেডিয়ামে সকাল ১০ টায় দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলীর সভাপতিত্বে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিকস প্রতিযোগিতা ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী বলেন, খেলা ধুলায় হলো লেখা পড়ার পাশাপাশি একমাত্র মেধা বিকাশের হাতিয়ার, সাকিব মাশরাফিরা যেমন আমাদের দেশটাকে বিশ্বের বুকে পরিচয় দান করিয়েছে, সুতরাং আগামী দিনগুলোতে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এভাবে তৃণমূল পর্য়ায় থেকে এমন প্রতিযোগিতার মাধ্যম ঘরে ঘরে সাকিব মাশরাফি তৈরি করতে হবে।

দামুড়হুদা পাইলট গার্লস স্কুল এ্যান্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক মিরাজুল ইসলামের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহিদা খাতুন, দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, দামুড়হুদা সরঃ পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, পাটাচোরা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাহাজান আলী, মুক্তারপুর নিম্ন মাধ্যমিক গার্লস স্কুলের প্রধান শিক্ষক বখতিয়ার হোসেন, কোনিয়া চাঁদপুর মাদ্রাসার সুপার সামসুল ইসলাম।

এই টুর্নামেন্টের সকল খেলা পরিচালনা করেন গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয়ের ক্রীড়া শিক্ষক ইকবাল হোসেন, দামুড়হুদা ডি.এস দাখিল মাদ্রাসার ক্রীড়া শিক্ষক সৈয়দ মাসুদুর রহমান খোকন, বিশিষ্ট ক্রীড়া সংগঠক ইউসুফ আলী প্রমূখ।

[redacted]

[redacted]

[redacted]

[

কারাতে প্রশিক্ষণের সমাপনি

ঝিনাইদহ সদর উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় মাধ্যমিক পর্যায়ের ছাত্রীদের মাসব্যাপি কারাতে প্রশিক্ষণের সমাপনি অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৪ জানুয়ারি) সকাল ১১টায় ঝিনাইদহ সদর উপজেলা চত্বরে এই সমাপনি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। ইফটিজিং, নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ এবং কিশোরীদের নির্ভয়ে পথ চলার সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে মাস ব্যাপি এই কারাতে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলার নির্বাহী অফিসার সাদিয়া জেরিন। এসময় আরও উপস্থিত ছিলেন কারাতের প্রশিক্ষক ঝিনাইদহের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান সোতোকান কারাতে দো’র প্রতিষ্ঠাতা পরিচালক কাজী আলি আহম্মেদ লিকু।

গাংনীতে ভোক্তা অধিকার অভিযানে দুটি প্রতিষ্ঠানকে জরিমানা

মেহেরপুরের গাংনীতে দুটি প্রতিষ্ঠানকে ৩৫ হাজার টাকা জরিমানা করেছে চুয়াডাঙ্গার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার দুপুরে গাংনী মেসার্স সবুজ মেডিসিন কর্নার ও মেসার্স বজলু স্টোরে এ জরিমানা করা হয়।

ভোক্তা অধিদপ্তরের উপ-পরিচালক সজল আহমেদ জানান, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিপনন ও সংরক্ষণের দায়ে মেসার্স সবুজ মেডিসিন কর্নার ৩০ হাজার টাকা ও মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখার অপরাধে মেসার্স বজলু স্টোরকে পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়। ২০০৯সালের জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৫১ ধারায় এসকল প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়েছে বলে জানান এই কর্মকর্তা।

এসময় উপস্থিত ছিলেন, জেলা স্যানিটারি ইন্সপেক্টর (ভারপ্রাপ্ত) তারিকুল ইসলাম, গাংনী উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মশিউর রহমান। সহযোগিতায় ছিলেন র্যাব-১২ একটি টিম।